
# নিরাপত্তা উদ্বেগে ভারতীয় কূটনীতিকদের পরিবার ভারতে ফেরার নির্দেশ



সংগৃহীত ছবি

নিরাপত্তা পরিস্থিতির আশঙ্কায় বাংলাদেশে কর্মরত ভারতীয় কূটনীতিকদের জন্য ‘নন-ফ্যামিলি পোস্টিং’ চালু করেছে ভারত। এর আওতায় ঢাকাসহ পাঁচটি কূটনৈতিক মিশনে দায়িত্বরত কর্মকর্তাদের পরিবারকে দেশে ফেরার পরামর্শ দেওয়া হয়েছে, তবে মিশনগুলোর কার্যক্রম স্বাভাবিক থাকবে।

ভারতীয় গণমাধ্যম জানায়, সামগ্রিক নিরাপত্তা মূল্যায়নের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিবারগুলো কবে ফিরবে, সে বিষয়ে এখনও নির্দিষ্ট কিছু জানানো হয়নি। ভারত দাবি করছে, অন্তর্বর্তী সরকারের সময়ে উগ্রপন্থী তৎপরতা বেড়েছে, যা কূটনীতিকদের পরিবারের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি করেছে। যদিও এসব অভিযোগ বাংলাদেশ আগেই প্রত্যাখ্যান করেছে।

২০২৪ সালের আগস্টের পর থেকে দুই দেশের সম্পর্কে টানাপোড়েন বেড়েছে। সাম্প্রতিক বিক্ষোভের পর উভয় দেশে কূটনৈতিক মিশনের নিরাপত্তা জোরদার করা হয়েছে। একই সময়ে ভারত বিএনপির সঙ্গে যোগাযোগ বাড়াচ্ছে, যা আসন্ন নির্বাচন ঘিরে নতুন আলোচনার জন্ম দিয়েছে।

LENS ASIA